গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পুলিশ

স্পেশাল ব্রাঞ্চ, ট্রান্সপোর্ট শাখা

ঢাকা।

অকেজো গাড়ি/মোটরসাইকেল নিলাম বিজ্ঞপ্তি/২০২৫

স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, মালিবাগ, ঢাকা'র অফিসে অকেজো ঘোষিত ০৩টি জীপ, ০৩টি সিঙ্গেল কেবিন পিকআপ, ৪০টি মোটরসাইকেল "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক আগ্রহী ক্রেতাদের নিকট থেকে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের গুরুত্বপূর্ণ তথ্যাদি নিম্নরূপঃ

| ক্র:নং | বিজ্ঞপ্তির শিরোনাম | ঃ | অকেজো গাড়ি/মোটরসাইকেল নিলাম বিজ্ঞপ্তি। |
|---|---|---|---|
| ১ | বিজ্ঞপ্তি প্রদানকারী অফিসের নাম ও ঠিকানা | ঃ | স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, মালিবাগ, ঢাকা। |
| ২ | দরপত্র আহবানের স্মারক ও তারিখ | ঃ | স্মারক নং-৫৬৪ / (ট্রান্সপোর্ট), তারিখ: ০৭-০৯-২০২৫ খ্রি:। |
| ৩ | দরপত্র নং ও তারিখ | ঃ | ০১/২০২৫, তারিখ: ০৭-০৯-২০২৫ খ্রি:। |
| ৪ | দরপত্র প্রকাশের তারিখ | ঃ | ০৮-০৯-২০২৫ খ্রি.। |
| ৫ | মূল্যায়ন পদ্ধতি | | লট নং-০১ (জীপ), লট নং-০২ (সিঙ্গেল কেবিন পিকআপ), লট নং-০৩ (মোটরসাইকেল) লট ভিত্তিক মূল্যায়ন করা হবে। |
| ৬ | দরপত্র সিডিউলের মূল্য | ঃ | মোটরসাইকেল ৬০০/-, জীপ এবং সিঙ্গেল কেবিন পিকআপ ১,০০০/-টাকা (অফেরতযোগ্য) |
| ৭ | যার অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট করতে হবে | ঃ | বিশেষ পুলিশ সুপার (ট্রান্সপোর্ট), স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা। |
| ৮ | দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | ঃ | ২৮-০৯-২০২৫ খ্রিঃ, বিকাল ৫:০০ঘটিকা পর্যন্ত। |
| ৯ | দরপত্র সিডিউল বিক্রয়কারী ও গ্রহণকারী অফিসের নাম ঠিকানা | ঃ | স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, মালিবাগ ঢাকার ৩য় তলা (কক্ষ নং-৩১৫) |
| ১০ | অকেজো যানবাহন পরিদর্শনের স্থান | ঃ | অফিস চলাকালীন সময় পর্যন্ত স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা'র মোটরযান শাখায় নিলামকৃত মালামাল সরেজমিনে পরিদর্শন করা যাবে। |
| ১১ | দর প্রস্তাবের নিয়ম | ঃ | যে কোনো দরদাতা একটি সিডিউলে এক বা একাধিক যানবাহনের জন্য পৃথকভাবে দর উল্লেখ করে দর প্রস্তাব দাখিল করতে পারবেন। |
| ১২ | জামানত | ঃ | দরপত্রের সাথে প্রতিটি যানবহনের জন্য দাখিলকৃত মোট উদ্ধৃত মূল্যের ২৫% হারে যে কোনো তফসীল ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট বিশেষ পুলিশ সুপার (ট্রান্সপোর্ট), স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ ঢাকার অনুকূলে জমা দিতে হবে। |
| ১৩ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | ঃ | ২৯-০৯-২০২৫ খ্রিঃ, সোমবার বেলা ১৪:০০ ঘটিকা। |
| ১৪ | দরপত্র বাক্স খোলার তারিখ, সময় ও স্থান | ঃ | ২৯-০৯-২০২৫ খ্রিঃ, সোমবার বেলা ১৪:০০ ঘটিকা। স্পেশাল ব্রাঞ্চের নতুন ভবনের মিনি কনফারেন্স রুমে (রুম নং ২১৮)। |

(ক) দরপত্র সিডিউল ক্রয় ব্যতীত কোন দরপত্র/দরপত্র সিডিউলের ফটোকপি গ্রহণযোগ্য হবে না।

(খ) জামানত ব্যতীত দরপত্র গৃহীত হবে না।

(গ) আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে দরপত্র সংক্রান্ত তথ্যাদি জানতে পারবেন।

(ঘ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(ঙ) দরপত্র সিডিউল যে নাম ঠিকানায় ক্রয় করা হবে দরপত্র দাখিলকারীর একই নাম ঠিকানা হতে হবে উহার ব্যতিক্রম হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

(চ) সিডিউলের প্রদত্ত শর্ত মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে।

(ছ) যে কোনো তথ্যের জন্য : ০১৩২০-০০৬৩১৪ নম্বরে যোগাযোগ করা যাবে।

০৭/০৯/২০২৫

(মোহাম্মদ আনিছুর রহমান, বিপিএম-সেবা)
বিশেষ পুলিশ সুপার (ট্রান্সপোর্ট)
পক্ষে/-অ্যাডিশনাল আইজি, স্পেশাল ব্রাঞ্চ
বাংলাদেশ পুলিশ, ঢাকা।